

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ২, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ, ১৯ জ্যৈষ্ঠ ১৪১৭ বঙ্গাব্দ/২ জুন ২০১০ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১৬১-আইন/২০১০/৫৪৬-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৩১ক এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(১) আন্তর্জাতিক চুক্তি বা সমরোতা স্মারকের আওতায় বাংলাদেশের অভ্যন্তরে কোন স্থাপনা বা অবকাঠামো নির্মাণ, সুষমকরণ, সম্প্রসারণ, আধুনিকায়ন বা বাংলাদেশের কোন জনগোষ্ঠীর মধ্যে কোন পণ্য সরবরাহ বা সেবা প্রদানের অভিপ্রায়ে উপর্যুক্ত কার্যাবলীর সহযোগিতার লক্ষ্যে অনুদান বা ঋণ হিসাবে প্রদত্ত বৈদেশিক মুদ্রার বিনিময়ে প্রকল্প বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত সংস্থা বা ব্যক্তি কর্তৃক বাংলাদেশে নিবন্ধিত কোন উৎপাদক বা সেবা প্রদানকারীর নিকট হইতে স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রের

(৫০৭১)

মূল্য : টাকা ২.০০

মাধ্যমে কোন পণ্য বা সেবা ক্রয় করা হইলে নিম্নবর্ণিত শর্তে উহা আইনের ধারা ৩১ এর উপ-ধারা (২)(ক) এর অধীন রপ্তানীকৃত বলিয়া গণ্য হইবে, যথা :—

- (ক) বাংলাদেশ সরকার বা সরকারের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের সহিত অনুদান বা খণ্ড সংক্রান্ত বিষয়ে দাতা সংস্থার আন্তর্জাতিক চুক্তি বা সমরোতা স্মারক থাকিতে হইবে;
- (খ) স্থানীয় বা আন্তর্জাতিক দরপত্রে উক্ত চুক্তি বা সমরোতা স্মারকের রেফারেন্স উল্লেখপূর্বক স্থানীয়ভাবে সংগৃহীত পণ্য বা সেবা ব্যবহারের বিষয়টি উল্লেখ করিতে হইবে; এবং
- (গ) দরপত্রের মাধ্যমে নির্বাচিত পণ্য, সরবরাহকারী বা সেবা প্রদানকারী সংশ্লিষ্ট আন্তর্জাতিক চুক্তি বা সমরোতা স্মারকের সত্যায়িত কপি, দরপত্র বিজ্ঞপ্তি ও সরবরাহ আদেশ বা, প্রযোজ্য ক্ষেত্রে, ক্রয় আদেশের কপিসহ স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে আবেদন করিয়া বিষয়টি মূল্য সংযোজন কর কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।”।

(২) বিধি ৩১খ বিলুপ্ত হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

ড. মোঃ সহিদুল ইসলাম
প্রথম সচিব
(মূসক নীতি ও বাজেট)।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd